




# সরকারি কাজে ফেসবুক ব্যবহার: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মির্জাপুরের সাথে আলাপ



সরকারি কাজে ফেসবুক ব্যবহার: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মির্জাপুরের সাথে আলাপ

## Recent Posts

The story of DGFP eMIS: pilot implementation to scale up and successful transition

Improving performance of community level workers using app data

Some publications on eMIS

What eMIS data can tell about the impact of vacancies at the grassroots level of DGFP

Why eMIS, and not DHIS2



মোজাম্মেদ পিআরএসকে (পিআরএস) আনন্দের সাথে গ্রহণ করে এবং এটি ব্যবহার করতে শুরু করেছেন। পিআরএস চালু হয় সবার আগে বাসাইল উপজেলায়। তারপর মির্জাপুর উপজেলায় পিআরএস চালু করা হয়। পিআরএসকে অনুসরণ করে পরে পর্যায়ক্রমে মাঠ পর্যায়ের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা খাতে কর্মীদের জন্য বিভিন্ন ই-রেজিস্টার চালু করা হয়েছে। ইএমআইএস-এর প্রসারের জন্য মির্জাপুরে ফেসবুককে ব্যবহার করা হয়েছে। মির্জাপুরে ফেসবুক ব্যবহারের অভিজ্ঞতার সম্পর্কে জানার জন্য আমরা জনাব মোঃ শহীদুল ইসলাম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মির্জাপুরের কাছে কিছু প্রশ্ন রেখেছিলাম। একই সাথে দেশব্যাপী সম্প্রসারণ কার্যক্রমে নতুন জেলাগুলোতে ফেসবুক ব্যবহারের সম্ভাব্যতা যাচাই করাও আমাদের অন্যতম লক্ষ্য ছিল। সে প্রশ্নগুলোর উত্তরে জনাব শহীদুল ইসলামের দেয়া উত্তরগুলো নিম্নে প্রকাশ করা হল। জনাব শহীদুল ইসলাম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ২০০১ সালে বিসিএস (পরিবার পরিকল্পনা) ক্যাডারে যোগদান করেন। তিনি ২০০৭ সাল থেকে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মির্জাপুর পদে কর্মরত আছেন। তাকে করা প্রশ্নের পাশাপাশি উত্তরগুলো নিম্নে বর্ণনা করা হল।

বেশ কয়েকজন এফপিআই  
মির্জাপুরে নব নিয়োগপ্রাপ্ত হন।  
তাদেরকে আমি স্মার্টফোন ক্রয়ের  
জন্য উৎসাহিত করি। শুরুতে  
তাদের ফেসবুক ব্যবহারে উদ্বুদ্ধ  
করি। ক্রমান্বয়ে তারা স্মার্টফোনে  
বিভিন্ন এ্যাপ ব্যবহারে দক্ষ হয়ে  
উঠেন। এরপরে এফডব্লিউএ  
এফডব্লিউভি, এসএসিএমও এবং  
ফার্মাসিস্টগণকে উৎসাহিত করি।  
তারাও এতে উদ্বুদ্ধ হন। প্রথমে  
এফপিআইদের নিয়ে গ্রুপ তৈরী  
করি। পর্যায়ক্রমে সকলে গ্রুপে  
যোগদান করেন।

প্রশ্ন: দয়া করে বলুন, আপনি কখন থেকে এবং কেন ফেসবুক ব্যবহার করা শুরু করেছেন?

Events	Blog	About
August 2022		
April 2022		
February 2022		
January 2022		
November 2021		
October 2021		
September 2021		
August 2021		
July 2021		
June 2021		
April 2021		
March 2021		
February 2021		
January 2021		
December 2020		
November 2020		



একভাবে পোছানোর জন্য একাট প্লাটফর্ম গঠনের প্রয়োজনীয়তা অনুভূত হল। তখন বেশ কয়েকজন এফপিআই মির্জাপুরে নব নিয়োগপ্রাপ্ত হন। তাদেরকে আমি স্মার্টফোন ক্রয়ের জন্য উৎসাহিত করি। শুরুতে তাদের ফেসবুক ব্যবহারে উদ্বুদ্ধ করি। ক্রমাগত তারা স্মার্টফোনে বিভিন্ন অ্যাপ ব্যবহারে দক্ষ হয়ে উঠেন। এরপরে এফডব্লিউএ, এফডব্লিউভি, এসএসএমও এবং ফার্মাসিস্টগণকে উৎসাহিত করি। তারাও এতে উদ্বুদ্ধ হন। প্রথমে এফপিআইদের নিয়ে গ্রুপ তৈরী করি। পর্যায়ক্রমে সকলে গ্রুপে যোগদান করেন।

প্রশ্ন: ফেসবুক সম্পর্কে আপনার ধারণা কি, মানুষ কি কাজে ফেসবুক ব্যবহার করে? আপনি কি নিয়মিত ফেসবুক ব্যবহার করেন? প্রতিদিন, প্রতি সপ্তাহে বা প্রতিমাসে কতক্ষণ সময় আপনি ফেসবুকে ব্যয় করেন।

উত্তর: পৃথিবীর সবচেয়ে বড় দেশ ফেসবুক। ব্যবহার অত্যন্ত সহজ। একটি ছবি নিমিষেই আপলোড করা সম্ভব। বাংলাদেশে এটা অত্যন্ত জনপ্রিয় সামাজিক যোগাযোগ মাধ্যম। মানুষ প্রধানত ব্যক্তিগত কাজে ফেসবুক একাউন্ট ব্যবহার করে। যেমন: মির্জাপুর উপজেলার পরিবার পরিকল্পনা কর্মকর্তার ব্যক্তিগত নাম দিয়ে একাউন্ট খোলা হয়েছে- Ufpo Shahidul Mirzapur. আবার ফেসবুক পেইজ প্রাতিষ্ঠানিক কাজেও ব্যবহার করার সুযোগ রয়েছে। মির্জাপুর উপজেলায় ফেসবুক পেইজ রয়েছে। পেইজটির নাম: উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মির্জাপুর, টাংগাইল। লিংকটি হল: <https://www.facebook.com/ufpomirzapurtangail/>। পেইজটির মাধ্যমে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সম্পর্কিত বিভিন্ন অডিও-ভিজুয়াল তথ্য প্রচার করা হচ্ছে। এর মাধ্যমে জনসাধারণ উপকৃত হচ্ছে। এছাড়া, সামাজিক গ্রুপ তৈরী করতে ফেসবুক বেশ কার্যকর ভূমিকা রাখছে। মির্জাপুর উপজেলায় UFPO, MIRZAPUR, TANGAIL নামেও একটি গ্রুপ তৈরী করেছে। গ্রুপটির লিংক: <https://www.facebook.com/groups/1739869956232084/>। সকল এফপিআই, সকল এফডব্লিউএ, সকল এফডব্লিউভি, অধিকাংশ এসএসএমও ও কিছু ফার্মাসিস্ট, উর্ধ্বতন কর্মকর্তা, উপজেলা পর্যায়ের কর্মকর্তা, স্থানীয় সাংবাদিক, জনপ্রতিনিধি, বেসরকারী সংস্থার প্রতিনিধি। গণ্যমান্য ব্যক্তি এর সদস্য। বর্তমানে গ্রুপটির সদস্য সংখ্যা ৭০০ এর উপরে।

আমি নিয়মিত ফেসবুক ব্যবহার করি। আমার ফেসবুক অধিকাংশ সময়েই খোলা থাকে। আমি প্রতিদিন ফেসবুকে দুই থেকে তিন ঘন্টা সময় প্রদান করি। গাড়ীতে কিংবা অবসর সময়ে ফেসবুক খুলি। সকল স্টাফের পোস্টে লাইক কিংবা কमेंট করে উৎসাহিত করি। তাতে স্টাফগণও এরূপ কার্যক্রমে উৎসাহ লাভ করেন। প্রথম পর্যায়ে সকল স্টাফের পোস্টের ধরন কিংবা মান ভাল ছিল না। এখন সকল স্টাফের পোস্টের মান অত্যন্ত চমৎকার। প্রথমদিকে স্টাফগণ একে অন্যের পোস্টে লাইক কিংবা কमेंট কম করতেন। সকলকে উৎসাহ প্রদান করার ফলে এখন অনেকেই একে অন্যের পোস্টে লাইক কিংবা কमेंট করছেন, যা কার্যক্রমের কোয়ালিটি নিশ্চিত করণে ব্যাপক ভূমিকা রাখছে।

প্রশ্ন: আপনি কি ব্যক্তিগত যোগাযোগের মাধ্যম হিসেবেই ফেসবুক ব্যবহার করছেন, নাকি দাপ্তরিক কাজেও ফেসবুক ব্যবহার করে থাকেন?

Events August 2020 Blog About

July 2020

May 2020

April 2020

March 2020

November 2019

October 2019

September 2019

August 2019

June 2019

May 2019

February 2019

January 2019

December 2018

November 2018

October 2018



[Home](#) [Our Work](#) [Data](#) [Resources](#) [Events](#) [Blog](#) [About](#)

আমি অফিসের কোন চিঠিপত্র স্ক্যান করে কিংবা ছবি তুলে গ্রুপে পোস্ট করি। যার ফলে চিঠিপত্র ফটোকপি করার প্রয়োজন খুবই কম হয়। পত্রসমূহ দ্রুত সকলের নিকট পৌঁছে যায়। অফিস হতে ফোন করার প্রয়োজন খুবই কম হয়। এছাড়া মাসিক সভার তারিখ কিংবা লজিস্টিকস সাপ্লাইয়ের তারিখ গ্রুপে পোস্ট করে দেয়া হয়। অফিস সহকারীগণও এ বিষয়ে সহযোগিতা প্রদান করেন। ইএমআইএস সিস্টেমের কোন গুরুত্বপূর্ণ নির্দেশনা কিংবা সেখানকার উপাত্ত যাচাই করে গ্রুপে আলোচনা করি। এর ফলে মাঠপর্যায়ে ভুলত্রুটি কম হয় এবং কাজে অগ্রগতি হয়। জাতীয় বা উপজেলা পর্যায়ের কোন নির্দেশনা সহজেই সকলের নিকট পৌঁছে দেয়া যায়।

প্রশ্ন: আপনি কখন থেকে দাপ্তরিক কাজের জন্য ফেসবুক ব্যবহার শুরু করেছেন (আনুমানিক সময়)? আপনি দাপ্তরিক কোন কোন কাজের জন্য ফেসবুক ব্যবহার করে থাকেন? আমাদের কি দুয়েকটি বিস্তারিত উদাহরণ দিতে পারবেন?

উত্তর: দাপ্তরিক কাজে ২০১৪ সাল থেকে ফেসবুক ব্যবহার শুরু করি। আমি অফিসের কোন চিঠিপত্র স্ক্যান করে কিংবা ছবি তুলে গ্রুপে পোস্ট করি। যার ফলে চিঠিপত্র ফটোকপি করার প্রয়োজন খুবই কম হয়। পত্রসমূহ দ্রুত সকলের নিকট পৌঁছে যায়। অফিস হতে ফোন করার প্রয়োজন খুবই কম হয়। এছাড়া মাসিক সভার তারিখ কিংবা লজিস্টিকস সাপ্লাইয়ের তারিখ গ্রুপে পোস্ট করে দেয়া হয়। অফিস সহকারীগণও এ বিষয়ে সহযোগিতা প্রদান করেন। ইএমআইএস সিস্টেমের কোন গুরুত্বপূর্ণ নির্দেশনা কিংবা সেখানকার উপাত্ত যাচাই করে গ্রুপে আলোচনা করি। এর ফলে মাঠপর্যায়ে ভুলত্রুটি কম হয় এবং কাজে অগ্রগতি হয়। জাতীয় বা উপজেলা পর্যায়ের কোন নির্দেশনা সহজেই সকলের নিকট পৌঁছে দেয়া যায়। যেমন, মির্জাপুর উপজেলায় একসাথে তালগাছ রোপণ কর্মসূচিতে আমাদের সকল স্টাফ অংশগ্রহণ করে গ্রুপে ছবিসহ পোস্ট প্রদান করেন। উপজেলা নির্বাহী অফিসার মহোদয় এর বেশ প্রশংসাও করেছেন।

প্রশ্ন: এই গ্র্যাপগুলোর প্রসারের জন্য ফেসবুক ব্যবহার করেছেন কি? করলে কিভাবে করেছেন?

উত্তর: গ্র্যাপগুলো প্রসারের জন্য প্রতিনিয়ত ফেসবুক ব্যবহার করছি। মির্জাপুর অফিসিয়াল গ্রুপে আইসিডিডিআর,বি-এর কর্মকর্তাবৃন্দকে যুক্ত করেছি। তারাও নিয়মিত ফিডব্যাক দিচ্ছেন। আইসিডিডিআর,বি প্রদত্ত লিংক ব্যবহার করে ওয়েব হতে গর্ভবতীর তালিকা বের করে স্ক্রিন শট নিয়ে পোস্ট দিয়ে ইউনিয়ন ভিত্তিক অগ্রগতি পর্যালোচনা করা হয়। এছাড়া নির্দিষ্ট কোন এলাকার পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহীতার তথ্য পোস্ট দিয়ে সংশ্লিষ্ট স্টাফকে কার্যক্রমে মনোযোগী হওয়ার পরামর্শ প্রদান করেছি। গ্র্যাপে নতুন কোন আপডেট প্রদান করার সময়ে মেসেজ প্রদান করা হলে সকল স্টাফ নিজ নিজ গ্র্যাপ আপডেট করে নিচ্ছেন। এছাড়া দাপ্তরিক একাউন্টে এবং পাবলিক সার্ভিস ইনোভেশন

## Tags

adolescent care app data

app for community health workers

community level workers

COVID-19 design-with-users

DGFP DGHS DHIS2

Digital-health eHealth

eLearning eMIS



প্রশ্ন: আপনার সহকর্মীদের মধ্যে কারা দাপ্তরিক কাজে ফেসবুক ব্যবহার করে তা কি আপন জানেন? একটু বাস্তবতা জানাবেন কি?

[Home](#) [Our Work](#) [Data](#) [Resources](#)

উত্তর: হ্যাঁ জানি। ফেসবুক গ্রুপে এ সংক্রান্ত সকল তথ্য রয়েছে। দাপ্তরিক কাজে এমওএমসিএইচ-এফপি, অফিস সহকারী (সকল), এফপিআই (সকল), এফডব্লিউভি (সকল), এফডব্লিউএ (৯৮%), এসএসিএমও (৯০%) এবং ফার্মাসিস্ট (২০%) ফেসবুক কার্যকরভাবে ব্যবহার করছেন। মাঠ কিং বা ক্লিনিক পর্যায়ের দৈনিক কার্যক্রমসমূহ পোস্টের মাধ্যমে নান্দনিকভাবে উপস্থাপন করছেন।

প্রশ্ন: আপনার সহকর্মীদের মধ্যে যারা ফেসবুক ব্যবহার করে না, তাদের সংখ্যা কেমন? আপনি কি তাদের ফেসবুক ব্যবহারে তাগিদ দিয়েছেন? দিয়ে থাকলে কি ফলাফল হয়েছে? তারা কি ফেসবুক ব্যবহারে উদ্বুদ্ধ হয়েছেন!

উত্তর: মির্জাপুর উপজেলায় ফেসবুক অব্যবহারকারীর সংখ্যা খুবই কম। তাদেরকে প্রতিনিয়ত ফেসবুক ব্যবহারে উৎসাহিত করি। ফেসবুক ব্যবহারকারীদের ট্রেনিংয়ে প্রেরণসহ বিভিন্ন অফিসিয়াল সুবিধা প্রদানে অগ্রাধিকার প্রদান করি। যারা ব্যবহার করছেন না বা করতে পারেন না তারা অন্যের সহযোগিতায় ফেসবুক ব্যবহার করেন বলে জানান। তবে এসএসসিএমওগণকেও ট্যাব প্রদান করা হলে অবশিষ্ট দুইজনও ফেসবুকের আওতায় আসবেন বলে জানান। দুই একজন এফডব্লিউএ রয়েছেন যাদের নিয়ে একটু সমস্যা রয়েছে। যদিও এদের চাকুরী আর বেশিদিন নেই। ফার্মাসিস্টগণের এ বিষয়ক তেমন কোন কাজ নেই। তাদের কেউ কেউ পরোক্ষভাবে ফেসবুক ব্যবহার করছেন।

প্রশ্ন: ফেসবুক ব্যবহারের ক্ষেত্রে কোন বিরূপ অভিজ্ঞতার সম্মুখীন হয়েছেন কি?

উত্তর: প্রথমে পর্যায়ে পদ্ধতি গ্রহণকারীর গোপনীয়তা ভঙ্গ হয় এমন এবং সামান্য অশালীন দুইএকটি পোস্ট প্রদান করা হয়েছে। গোপনীয়তা ভঙ্গ হয় কিংবা কোন পোস্ট কিছুটা অশালীন মনে হলে গ্রুপ এডমিন হিসেবে ডিলিট করে দেই। এ বিষয়ে উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, টাং গাইল মহোদয়ও পরামর্শ প্রদান করে সহযোগিতা প্রদান করেন।

By Md Humayun Kabir | Published on January 03, 2018 | Updated on December 03, 2018 | eMIS Users | 3 Comments

[eMIS users](#) [eRegister](#)

[Events](#) [Blog](#) [About](#)

[Facility Systems](#) [FPI](#)

[FPI eSupervision System](#)

[FWA eRegister](#) [FWV](#)

[Inception Meeting](#)

[maternal care](#) [mHealth](#)

[Minister for Health and Family Welfare](#)

[MOHFW](#) [Moodle](#)

[online courses](#)

[paperless districts](#) [SACMO](#)

[Scale up](#) [Scale up of eMIS](#)

[Supervisor](#) [Sustainability](#)

[ToT](#) [UFPO](#)

[UFPO-eManagement-system](#)

[UHFWC](#)

[Union Facility eRegister](#)

[ইউনিয়ন ফ্যাসিলিটি ই-রেজিস্টার](#)

[ইএমআইএস](#) [এমহেলথ](#)

[Home](#)[Our Work](#) ▾[Data](#)[Resources](#) ▾[Events](#) ▾[Blog](#)[About](#)

3 Comments

**Md. Shahidul Islam** January 4, 2018 at 2:26 am - [Reply](#)

Many thanks for Md. Humayun Kabir sir.

**Rakibul hasan** January 5, 2018 at 9:12 am - [Reply](#)

চমৎকার স্যার।

**Rahman Md.Saifur** November 12, 2022 at 12:07 am - [Reply](#)

We are proud fo you Sir

## Categories

[eMIS app](#)[eMIS Users](#)[Events](#)[Meetings](#)[Publications](#)[Uncategorized](#)

Leave A Comment

Comment...



---

POST COMMENT

**Home**

**Our Work** ▾

**Data**

**Resources** ▾

**Events** ▾

**Blog**

**About**

This site uses Akismet to reduce spam. [Learn how your comment data is processed.](#)

---

Copyright 2018 - Routine Health Information System | All Rights Reserved